দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মহেশখালী কলেজ ৩১ বছরেও জাতীয়করণ হয়নি

■ কক্সবাজার প্রতিনিধি

মহেশখালী উপজেলা সদরে ঐতিহ্যবাহী সর্বোচ্চ বিদ্যাপীঠ মহেশখালী কলেজ। প্রতিষ্ঠার ৩১ বছরে কলেজটি জাতীয়করণের দাবিতে শিক্ষার্থীদের নিয়মিত আন্দোলন চলছে।

সদর ইউনিয়ন ছাড়াও উপজেলার মাতারবাড়ী, ধলঘাট, কালামারছড়া, হোয়ানক, শাপলাপুর, ছোট মহেশখালী, কুতুবজোম, বড় মহেশখালীসহ আট ইউনিয়নের শিক্ষার্থীরা এ কলেজে এসে ভর্তি হন। দ্বীপবাসীর শিক্ষা প্রসারের লক্ষ্যে মহেশখালী কলেজটি স্থানীয় কিছু দানশীল ও শিক্ষানুরাগী ব্যক্তি ১৯৮৫ সালের ১৯ এপ্রিল প্রতিষ্ঠা করেন।

প্রথম প্রতিষ্ঠাতা অধ্যক্ষ বাবুল কান্তি ভৌমিক স্থানীয় ১১ জন শিক্ষক ও মাত্র ৫২ জন শিক্ষার্থী নিয়ে মানবিক বিভাগে পাঠদান শুরু করেন। কালক্রমে ১৩ জন অধ্যক্ষ ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ কলেজটির প্রশাসনিক দায়িত্ব পালন করেছেন বলে কলেজের সংরক্ষিত নথিপত্রের সূত্রে প্রকাশ। প্রধানমন্ত্রীর প্রতিটি উপজেলা সদরে একটি কলেজ জাতীয়করণের ঘোষণায় মহেশখালী কলেজটি জাতীয়করণ হবে এমন আশায় জল্পনা-কল্পনার শেষ ছিল না দ্বীপবাসীর। কলেজটি জাতীয়করণ এখন শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও সর্বমহলের প্রাণের দাবি হয়ে দাঁড়িয়েছে।

কলেজের সাধারণ শিক্ষার্থীরা জাতীয়করণের দাবিতে নিয়মিত মিছিল-মিটিং, সভা-সমাবেশ, মানববন্ধন, স্মারকলিপিসহ বিভিন্ন আন্দোলন চালিয়ে যাচ্ছেন।

কলেজ পরিচালনা পরিষদের সভাপতি স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব আশেক উল্লাহ রফিক বলেন, জাতির জনক বঙ্গবন্ধুর নামে একটি কলেজ জাতীয়করণ হয়েছে। এ কলেজটি জাতীয়করণ করতে প্রয়োজনীয় সকল ফাইলপত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।